

বিজ্ঞপ্তি

পুরুলিয়া জেলার কাশীপুর পঞ্চায়েত সমিতির অধীন কাশীপুর কমিউনিটি হল প্রকাশ্য নিলামের মাধ্যমে ১লা জুলাই ২০১৯ হইতে ৩০ সে জুন ২০২০ পর্যন্ত এক বৎসরের মেয়াদে লীজ দেওয়ার বন্দোবস্ত করা হইবে। নিলামের নির্ধারিত সময়, তারিখ, স্থান ও শর্তাবলী সংক্ষেপে নিচে দেওয়া হইল। বিশদ বিবরণের জন্য কাশীপুর পঞ্চায়েত সমিতির কার্যালয় ও ব্লক অফিসে যোগাযোগ করার আহ্বান জানানো হচ্ছে।

কমিউনিটি হলের নাম	সরকারী নির্ধারিত ডাক	নীলামের স্থান	সময়	তারিখ
কাশীপুর পঞ্চায়েত সমিতির কমিউনিটি হল	২১০০০০/- (দুই লক্ষ দশ হাজার) টাকা	কাশীপুর পঞ্চায়েত সমিতির সভাকক্ষ	বেলা ১২টা	২৬.০৬.২০১৯

- ১) নীলামে অংশগ্রহন করী ব্যক্তিদেব আগামী ২৫/০৬/২০১৯ তারিখ বেলা ৪ টা পর্যন্ত ১০০০ (এক হাজার) অফেরৎযোগ্য টাকার বিনিময়ে নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হবে। যারা নির্দিষ্ট ফর্মে আবেদন করবেন কেবলমাত্র তারাই ডাকে অংশগ্রহন করতে পারবে। ফর্ম দেওয়া ও জমা নেওয়া হইবে কাশীপুর পঞ্চায়েত সমিতির কার্যালয়ে আগামী ২৪/০৬/২০১৯ হইতে ২৫/০৬/২০১৯ (বেলা ৪ টা পর্যন্ত)। নীলামে অংশগ্রহন করী ব্যক্তিদেব আবেদন পত্রের সাথে ১০,০০০/- টাকার Security Money Bank Draft এর মাধ্যমে Executive Officer, Kashipur Panchayat Samity-র কাছে জমা করতে হবে। ড্রাফট চার্জ ঐ ব্যক্তিকেই বহন করতে হবে এবং তাহা রঘুনাথপুরে ভাঙ্গানো যোগ্য হতে হবে। Bank Draft করতে হবে Executive Officer, Kashipur Panchayat Samity এর নামে। ঐ ১০০০০ টাকার Security Money মেয়াদ শেষের পর পঞ্চায়েত সমিতির অনুমোদন সাপেক্ষে লীজগ্রহিতাকে ফেরত দেওয়া হইবে।
- ২) নীলামে সর্বোচ্চ ডাককারী ব্যক্তিকে ডাকের ১০০ ভাগ অর্থ ডাক শেষ হবার ২ (দুই) দিনের মধ্যে রঘুনাথপুরে ভাঙ্গানোর যোগ্য ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। Bank Draft করতে হবে Executive Officer, Kashipur Panchayat Samity এর নামে। উক্ত সময়ের মধ্যে টাকা জমা দিতে না পারলে তার Security Money বাজেয়াপ্ত করা হবে।
- ৩) লীজ গ্রহিতা নিম্নোক্ত হারে কমিউনিটি হলের ভাড়া আদায় করিতে পারিবেন, পঞ্চায়েত সমিতির অনুমোদন ছাড়া কমিউনিটি হলের ভাড়া বৃদ্ধি করা যাবে না।
- ৪) লীজ হস্তান্তরের পূর্বে নিজ খরচে চুক্তিপত্র সম্পাদন করতে হইবে।
- ৫) নীলাম শুরু হবার পর দুটি ডাকের মধ্যবর্তী অঙ্কের পরিমাণ সর্বনিম্ন ১০০০ টাকা ও সর্বোচ্চ ৫০০০ টাকার ব্যবধান থাকবে।
- ৬) লীজ গ্রহনকারীকে কমিউনিটি হল পরিচালনার জন্য বিদ্যুৎ বাবদ এবং অন্যান্য সমস্ত ব্যয় তার বহন করিতে হইবে।
- ৭) কতৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া নীলামের সর্বোচ্চ ডাক গ্রহন বা বাতিল করিতে পারিবেন।
- ৮) প্রথম, দ্বিতীয় ও পর্যায়ে ক্রেতা ডাক দিবেন তাহা লটারীর মাধ্যমে স্থির হইবে।
- ৯) নীলামে অংশগ্রহনকারী কোন ব্যক্তি যদি দল হিসাবে অংশগ্রহন করেন, তবে দলের প্রত্যেকের নাম আবেদন পত্রে লিখে দিতে হইবে এবং ডাকস্থলে কেবল মূল ডাককারী এবং তাহার সঙ্গে একজন সহকারী হিসাবে প্রবেশ করিতে পারিবেন।
- ১০) কমপক্ষে তিনজন ব্যক্তিকে সক্রিয়ভাবে নীলামে অংশগ্রহন করিতে হইবে।
- ১১) প্রতি অংশগ্রহনকারীকে কমপক্ষে তিনটি ডাক দিতে হইবে। ইহা ব্যতীত ডাক অবৈধ বলিয়া গণ্য হইবে।
- ১২) লীজগ্রহনকারীকে কাশীপুর পঞ্চায়েত সমিতির কমিউনিটি হলটি পরিষ্কার পরিচ্ছন্ন রাখিতে হইবে।
- ১৩) কাশীপুর পঞ্চায়েত সমিতির কমিউনিটি হলটির লীজের মেয়াদে ছোট ছোট মেরামত করার প্রয়োজন দেখা দিলে সেগুলি লীজগ্রহিতা করবেন, (যেমন, লাইট, সুইচ, কল, বাথরুম ইত্যাদি) বড় কোন মেরামতের প্রয়োজন দেখা দিলে পঞ্চায়েত সমিতি করবে।
- ১৪) যাতে কোনরূপ দুর্ঘটনা বা অসামাজিক কাজ হলের মধ্যে না ঘটে তা লীজগ্রহিতা দেখবেন, এরূপ কোন ঘটনা ঘটলে তার জন্য লীজগ্রহিতা দায়ী থাকবেন।
- ১৫) চুক্তি বহিভূত কোন কাজ করিলে লীজ বাতিল বলিয়া গণ্য করা হইবে এবং Security Money বাজেয়াপ্ত করা হইবে।
- ১৬) লীজগ্রহিতাকে কমিউনিটি হলটি হস্তান্তর করার সময় হলটি যে অবস্থায় দেওয়া হইবে, মেয়াদ শেষের পরের দিন সেই অবস্থায় ফেরত দিতে হইবে, (অর্থাৎ লাইট, পাখা, দরজা, জানালা ইত্যাদি অক্ষত অবস্থায় থাকিবে)।


ভাড়া


- ১) সামাজিক অনুষ্ঠানের জন্য দিনপ্রতি ৭০০০/- (সাত হাজার) টাকা (সমস্ত হল)।
- ২) সরকারী বা বেসরকারী মিটিং এর জন্য হলপ্রতি ৫০০/- টাকা প্রতিদিন।

Memo No: 631/35 /EO(K)

Copy forwarded for information and wide publicity to :-

- 1) The District Magistrate, Purulia.
- 2) The A.E.O. Purulia Zilla Parishad.
- 3) The S.D.O. Raghunathpur.
- 4) The A.D.M. & D.L. & L.R.O., Purulia.
- 5) The D.I.C.O., Purulia.
- 6) The Savapati, Kashipur Panchayat Samity
- 7) The Saha-Savapati, Kashipur Panchayat Samity
- 8) The all B.D.Os of Purulia District.
- 9) The B.L. & L.R.O. Kashipur.
- 10) The D.I.O, NIC for uploading in the District Web-site
- 11) The O.C. Kashipur Police Station.
- 12) The all Karmadhakasha, Kashipur Panchayat Samity.
- 13) The All Pradhans, under Kashipur Panchayat Samity.
- 14) The P.D.O, Kashipur
- 15) The Post Master, P.K.Raj Post Office.


 Executive Officer
 Kashipur Panchayat Samity
 Date: 18/6/19


 Executive Officer
 Kashipur Panchayat Samity